Consumer and Worker Protection

উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ
(DEPARTMENT OF CONSUMER AND WORKER PROTECTION, DCWP)
লাইসেন্সিং কেন্দ্র
42 Broadway, Lobby
New York, NY 10004

কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:

সোমবার–বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30টে

NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র
90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435

কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:

মঙ্গলবার, বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30টে

কোভিড-19 সতর্কবার্তা

স্বাস্থ্য ও সুরক্ষার কারণে, DCWP লাইসেন্সিং কেন্দ্র এবং NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র প্রত্যক্ষ সাক্ষাৎকারের পরিষেবা দিতে পারে না, তবে আপনি সশরীরে আপনার লাইসেন্সের আবেদন জমা করতে অ্যাপয়েন্টমেন্টের একটি সময় নির্ধারণ করতে পারেন। **আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া** বিভাগটি দেখুন।

দ্রষ্টব্য: সশরীরে প্রাপ্য পরিষেবা যেহেতু সীমিত, তাই আমরা আপনাকে আমাদের অনলাইন পরিষেবা ব্যবহার করার জন্য উৎসাহ দিচ্ছি। পরিষেবাটি 24/7 **nyc.gov/BusinessToolbox**–তে উপলব্ধ।

সাইটসিইং গাইড লাইসেন্স আবেদনের চেকলিস্ট

কার সাইটসিইং গাইড লাইসেন্স অবশ্যই থাকতে হবে?

সিটির মধ্যে সাইটিসিইং ট্রিপ বা ভ্রমণ বিষয়ে জনসাধারণকে কোন স্থান বা দর্শনীয় কেন্দ্রের পথ প্রদর্শন করতে বা নির্দেশ দিতে অথবা কোন ব্যক্তিকে কোন স্থানের বা দর্শনীয় কেন্দ্রের সম্পর্কে বর্ণনা দিতে, ব্যাখ্যা করতে বা ভাষণ দিতে আপনার অবশ্যই একটি সাইটসিইং গাইড লাইসেন্সের দরকার।

সাইটসিইং গাইডের আবেদনকারীকে অবশ্যই কমপক্ষে 18 বছর বয়সের হতে হবে।

এই বর্ণনাটি হল কার অবশ্যই সাইটসিইং গাইড লাইসেন্স থাকতে হবে তার একটি সাধারণ বর্ণনা।

একটি সাইটসিইং গাইড লাইসেন্সের আবেদন করার জন্য প্রয়োজনীয়তার ক্যুইক লিস্ট

বিস্তারিত বর্ণনার জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। নিশ্চিত করুন যে আপনি সব প্রয়োজনীয়তাগুলি মিটিয়েছেন; নয়ত, আপনার আবেদন অসম্পূর্ণ থাকবে। লাইসেন্স ইস্যু করার জন্য DCWP কেবলমাত্র সম্পূর্ণ আবেদন গ্রহণ করতে পারে।

- ☐ সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন
- ☐ লাইসেন্স আবেদনকারীর ছবিসহ পরিচয়পত্র (ID)
- ☐ লাইসেন্স আবেদনকারীর পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি
- ☐ সাইটসিইং গাইড পরীক্ষা এবং $50 পরীক্ষার মূল্য
- ☐ কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation) (*প্রযোজ্য হলে তবে*)
- ☐ লাইসেন্স মূল্য

আপনার আবেদন জমা করার মাধ্যমে আপনার লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে অনুমোদন পায় না।

আপডেট করা হয়েছে 3/12/2021 তারিখে

আপনার যে অতিরিক্ত সিটি বা স্টেট পারমিট/লাইসেন্স/ক্লিয়ারেন্স প্রয়োজন হতে পারে:

নিউ ইয়র্ক সিটির মধ্যে থেকে যাত্রা করে এমন গাড়ির ব্যবসা যাতে করে দর্শনীয় বা বিনোদনমূলক স্থানে অথবা একটি নির্দিষ্ট বা বিশেষ ট্রিপের জন্য আট বা তার বেশি যাত্রী ভাড়া দিয়ে পরিবহন করেন, তেমন ব্যবসার জন্য অবশ্যই একটি DCWP *সাইটসিইং বাস* লাইসেন্সের দরকার।

এটি সম্পূর্ণ তালিকা নয়। অতিরিক্ত সংস্থানসমূহ বিভাগটি দেখুন।

আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া

কেবলমাত্র ল্যাপটপ বা ডেস্কটপ ব্যবহার করে অনলাইনে আপনার আবেদন জমা দেওয়ার জন্য www.nyc.gov/BusinessToolbox–এ যান।

অথবা

DCWP লাইসেন্সিং কেন্দ্রে অথবা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রে সশরীরে জমা দিতে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)।

ইমেলের মাধ্যমে: LicensingAppointments@dca.nyc.gov
ফোনের মাধ্যমে*: (212) 436-0441 নম্বরে ফোন করুন।
(সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4টে)

*এই নম্বরটি কেবলমাত্র সশরীরে পরিষেবা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য। সাধারণ প্রশ্নের জন্য onlineappsdocs@dca.nyc.gov–এ ইমেল করুন।

ওই স্থানে বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা উপলব্ধ রয়েছে। প্রতিবন্ধকতা-বিষয়ক সমন্বয়ের জন্য অনুরোধ জানাতে, অনুগ্রহ করে DCWP-এর প্রতিবন্ধী আমেরিকানদের আইন (Americans with Disabilities Act, ADA)-এর কোওর্ডিনেটরকে **humancapital@dca.nyc.gov**-তে ইমেল করুন অথবা **nyc.gov/dcwp–**তে যান এবং "সমন্বয় (accommodations)" খুঁজুন।

প্রয়োজনীয়তা

আপনি এই প্রয়োজনীয় নথিপত্র এবং তথ্য জমা না করলে DCWP আপনার আবেদন খারিজ করে দেবে:

- **সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন** (সংযুক্ত)।
- **লাইসেন্স আবেদনকারীর ছবিযুক্ত পরিচয়পত্র (ID)** ।

  ID-র গ্রহণযোগ্য প্রকারগুলির অন্তর্ভুক্ত হল:

  - আমেরিকা যুক্তরাষ্ট্রের যে কোন স্টেটের ইস্যু করা ড্রাইভারের লাইসেন্স অথবা নন-ড্রাইভার লাইসেন্সের পরিচয়পত্র
  - একটি সরকারি সংস্থার ইস্যু করা লাইসেন্স বা পারমিট
  - পাসপোর্ট
  - এলিয়েন কার্ড/গ্রিন কার্ড
  - সিটি, স্টেট, বা ফেডেরাল কর্মী ID কার্ড
  - মিউনিসিপাল ID কার্ড

- **লাইসেন্স আবেদনকারীর পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি।**

  সশরীরে: DCWP তার লাইসেন্সিং কেন্দ্রে বিনামূল্যে লাইসেন্স আবেদনকারীর ছবি তুলবে (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)। আবেদনকারী পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি জমাও দিতে পারে।

  অনলাইন: লাইসেন্স আবেদনকারী ডিজিটাল পাসপোর্ট ছবির সমান মানের একটি ইমেজ ফাইল আপলোড করতে পারেন। 1 মেগা-পিক্সেল রেজোলিউশনসহ একটি ডিজিটাল ক্যামেরা যথেষ্ট।

- **সাইটসিইং গাইড পরীক্ষা এবং $50 পরীক্ষার মূল্য।**

  আবেদনকারীর জন্য যিনি মার্চ 2018 সাল থেকে সাইটসিইং গাইড পরীক্ষায় উত্তীর্ণ হননি:

  DCWP লাইসেন্সিং কেন্দ্রে সকাল 8টা থেকে দুপুর 1টার মধ্যে সাইটসিং গাইড পরীক্ষা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করতে হবে। পরীক্ষাটিতে 150টি প্রশ্ন থাকবে। উত্তীর্ণ হতে গেলে আপনাকে অবশ্যই ন্যূনতম 97টি প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে হবে। পরীক্ষার মূল্য লাইসেন্সের মূল্যের থেকে আলাদা এবং তা ফেরতযোগ্য নয়। আপনি যদি পরীক্ষাটিতে দু'বার অনুত্তীর্ণ হন, তবে আবার পরীক্ষা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই পরীক্ষার মূল্য দিতে হবে।

  পরীক্ষাটির প্রস্তুতিতে আপনাকে সাহায্য করতে একটি **পাঠ্য সহায়ক** nyc.gov/BusinessToolbox–এ উপলব্ধ রয়েছে।

- **কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation)** (সংযুক্ত)। এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়।

  দ্রষ্টব্য: আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্সের মূল্য।**
  পরের পৃষ্ঠা দেখুন।

লাইসেন্সের সময়সীমা: 2 বছর	**মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ:** 31শে মার্চ জোড় বছর	**লাইসেন্সের মূল্য:**	
আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:		**বিকল্প 1**	**বিকল্প 2**
একটি জোড় বছরের 1লা এপ্রিল থেকে একটি জোড় বছরের 30শে সেপ্টেম্বর পর্যন্ত		এমন লাইসেন্স যার মেয়াদ পরবর্তী জোড় বছরের 31শে মার্চ শেষ হবে তার জন্য **$50** প্রদান করুন। *(সর্বাধিক 24 মাসের জন্য বৈধ থাকবে।)*	
একটি জোড় বছরের 1লা অক্টোবর থেকে একটি বিজোড় বছরের 31শে মার্চ পর্যন্ত		এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী জোড় বছরের 31শে মার্চ শেষ হবে তার জন্য **$38** প্রদান করুন। *(সর্বাধিক 18 মাসের জন্য বৈধ থাকবে।)*	
একটি বিজোড় বছরের 1লা এপ্রিল থেকে একটি বিজোড় বছরের 30শে সেপ্টেম্বর পর্যন্ত		এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী জোড় বছরের 31শে মার্চ শেষ হবে তার জন্য **$25** প্রদান করুন। *(সর্বাধিক 12 মাসের জন্য বৈধ থাকবে।)*	
একটি বিজোড় বছরের 1লা অক্টোবর থেকে একটি জোড় বছরের 31শে মার্চ পর্যন্ত		এমন লাইসেন্স যার মেয়াদ নিকটবর্তী বা একই জোড় বছরের 31শে মার্চ শেষ হবে তার জন্য **$13** প্রদান করুন। *(সর্বাধিক 6 মাসের জন্য বৈধ থাকবে।)*	এমন লাইসেন্স যার মেয়াদ পরবর্তী জোড় বছরের 31শে মার্চ শেষ হবে তার জন্য **$63** প্রদান করুন। *(সর্বাধিক 30 মাসের জন্য বৈধ থাকবে।)*

অর্থ প্রদানের মাধ্যম:

- DCWP-কে প্রদেয় চেক অথবা মানি অর্ডার। *(সশরীরে)*
- ক্রেডিট কার্ড (কেবলমাত্র ভিসা, মাস্টারকার্ড, আমেরিকান এক্সপ্রেস, ডিসকভার কার্ড)। আপনার থেকে একটি ফেরতের অযোগ্য কনভেনিয়েন্স মূল্য নেওয়া হবে। *(সশরীরে বা অনলাইনে)*

সাইটসিইং গাইডদের জন্য অতিরিক্ত সংস্থানসমূহ

- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- **পরিদর্শনের চেকলিস্টের** জন্য: **সাইটসিইং বাস, nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় উপকারি সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।